তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

কারাগার হস্তান্তর দাবি

# প্রধানমন্ত্রীকে জবি শিক্ষার্থীরা স্মারকলিপি দেবেন আজ

জবি প্রতিনিধি

আবাসিক সংকট নিরসন ও পুরনো কারাগার বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর দাবিতে আজ প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দেবেন জবি শিক্ষার্থীরা। এ লক্ষ্যে আজ সকাল ১০টায় প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যাত্রা করবেন তাঁরা। রোববার দুপুর ২টায় বিশ্ববিদ্যালয় ক্যাফেটেরিয়ায় সংবাদ সম্মেলনে এসব কর্মসূচি ঘোষণা করেন তারা। এছাড়া শিক্ষার্থীরা পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী রোববার ক্যাম্পাসে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালন করেছেন।